

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়  
উন্নয়ন শাখা-২  
পরিবহন পুল ভবন  
সচিবালয় লিংক রোড, ঢাকা।

**বার্ষিক উদ্ভাবনী কর্মপরিকল্পনা ২০১৯-২০২০ এর বাস্তবায়ন অগ্রগতি বিষয়ক সভার কার্যবিবরণী:**

সভাপতি : জনাব শেখ রফিকুল ইসলাম, অতিরিক্ত সচিব (উন্নয়ন ও পরিকল্পনা)  
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

সভার তারিখ : ০৩ নভেম্বর, ২০১৯

সময় : বিকাল ০৩.০০ ঘটিকা

স্থান : মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ।

**উপস্থিতি:**


- ১) জনাব জি, এম, রফিকুল ইসলাম, পরিচালক, জাতীয় মহিলা সংস্থা, ঢাকা।
- ২) জনাব এস এম শাকিল আখতার, উপপ্রধান (পরিকল্পনা), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
- ৩) জনাব মো: আতাউর রহমান, উপসচিব (প্রশিক্ষণ), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
- ৪) জনাব জগদীশ চন্দ্র দেবনাথ, উপসচিব (উন্নয়ন- ২), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
- ৫) জনাব মো: ইনামুল হক, প্রোগ্রামার, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
- ৬) জনাব হাসিনা আখতার খানম, সহকারী পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
- ৭) জনাব মাছুমা বেগম, মূল্যায়ন কর্মকর্তা, জাতীয় মহিলা সংস্থা, ঢাকা।

সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর আলোচ্যসূচি অনুযায়ী নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

বিষয়	আলোচনা	সিদ্ধান্ত
১. মন্ত্রণালয় / দপ্তর সংস্থার এর ২০১৯-২০২০ অর্থবছরে ইনোভেশন* কার্যক্রমের অগ্রগতি।	১.১ সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে উপসচিব (উন্নয়ন-২) সভাকে অবহিত করেন যে, মন্ত্রিপরিষদ বিভাগ এর নির্দেশনা অনুসারে বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০১৯-২০২০ প্রণয়ন করে ০৩/০৭/২০১৯ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে। তিনি কর্মপরিকল্পনার ১৫টি অনুচ্ছেদ মোতাবেক অগ্রগতির বিস্তারিত তথ্য সভায় উপস্থাপন করেন। তিনি জানান যে, কর্মপরিকল্পনার ক্রমিক নং ১.১, ১.২, ১.৩, ২.১, ২.২ এর কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করা হয়েছে। কার্যক্রম ৪.১, ৪.২, ৪.৩ এর ক্ষেত্রে উদ্ভাবন সক্ষমতা বৃদ্ধির জন্য ১ দিনের সেমিনার ও ২ দিনের প্রশিক্ষণ আয়োজন এবং কার্যক্রম ৯.২, ৯.৩ এর ক্ষেত্রে উদ্ভাবন কার্যক্রমের সংগে সম্পৃক্ত কর্মকর্তাদের দেশে/বিদেশে শিক্ষা সফরে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রশিক্ষণ অধিশাখাকে পত্র দেয়া হয়েছে। উপসচিব (প্রশিক্ষণ) সভাকে অবহিত করেন যে, তিনি প্রশিক্ষণ বাজেট থেকে প্রশিক্ষণ ও সেমিনার আয়োজন করতে পারবেন। সভাপতি বলেন সেমিনার ও প্রশিক্ষণ আয়োজনের জন্য কি পরিমাণ অর্থ বরাদ্দ প্রয়োজন তা মন্ত্রিপরিষদ বিভাগ থেকে জানা প্রয়োজন। তারপর সেমিনার / প্রশিক্ষণের আয়োজন বাংলাদেশ শিশু একাডেমিতে করা যাবে।	১.১.১ দপ্তর / সংস্থা নির্ধারিত ছকে অগ্রগতির প্রতিবেদন প্রেরণ করবে। ১.১.২ কর্মপরিকল্পনার ৪.১, ৪.২, ৪.৩ মোতাবেক উদ্ভাবনী সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ১ দিনের সেমিনার / ২ দিনের প্রশিক্ষণ আয়োজন এবং কর্মপরিকল্পনার ৯.২, ৯.৩ অনুযায়ী উদ্ভাবন কার্যক্রমের সাথে সম্পৃক্ত কর্মকর্তাগণকে দেশে / বিদেশে শিক্ষা সফরে প্রেরণের জন্য মন্ত্রণালয়ের প্রশিক্ষণ অধিশাখাকে অনুরোধ করতে হবে। ১.১.৩ মন্ত্রিপরিষদ বিভাগের সংশ্লিষ্ট কর্মকর্তার সাথে সেমিনার/প্রশিক্ষণ আয়োজনের বিষয়ে টেকনিক্যাল সতায়তাসহ প্রয়োজনীয় অর্থের পরিমাণ নিয়ে আলোচনা করতে হবে।

বিষয়	আলোচনা	সিদ্ধান্ত
২. ইনোভেশন আইডিয়া প্রস্তুত এবং শোকেসিং সংক্রান্ত	উপসচিব (উন্নয়ন-২) জানান যে, বার্ষিক কর্মপরিকল্পনার কার্যক্রম ৫.১ অনুসারে উদ্ভাবনী উদ্যোগসমূহের তালিকা প্রস্তুত করে মহিলা বিষয়ক অধিদপ্তর ও জাতীয় মহিলা সংস্থা মন্ত্রণালয়ে প্রেরণ করেছেন। উদ্ভাবনী উদ্যোগসমূহ যাচাই বাছাই করে তালিকা তথ্য বার্তায়নে প্রকাশ করা প্রয়োজন। সভার সদস্যবৃন্দ এ বিষয়ে আলোচনা করেন এবং তথ্য বার্তায়নে প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত প্রদান করেন। উপসচিব (উন্নয়ন-২) সভাকে আরো অবহিত করেন যে, উদ্ভাবনী ধারণা প্রস্তুত পূর্বক শোকেসিং জন্য বিগত ১১/০৭/২০১৯ তারিখে মন্ত্রণালয় থেকে দপ্তর সংস্থাকে পত্র দেয়া হয়েছে। মহিলা বিষয়ক অধিদপ্তরের প্রতিনিধি সভাকে জানান তাদের প্রস্তুতকৃত উদ্ভাবনী ধারণা সমূহের মাঠ পর্যায়ে পাইলটিং চলছে। শোকেসিং করার প্রস্তুতি তাদের আছে।	২.১ উদ্ভাবনী ধারণা / উদ্যোগ সমূহের তালিকা তথ্য বার্তায়নে প্রকাশ করতে হবে। ২.২ উদ্ভাবনী ধারণা সমূহ থেকে বাছাইকৃত উদ্ভাবনী ধারণাগুলোর শোকেসিং করার ব্যবস্থা দপ্তর সংস্থাকে নিতে হবে।
৩. ইনোভেশন বাজেট বরাদ্দ সংক্রান্ত	সভায় উপসচিব (উন্নয়ন-২) জানান বার্ষিক কর্মপরিকল্পনার ৩.১ এর ক্ষেত্রে উদ্ভাবন খাতে (কোড নম্বর ৩২৫৭১০৫) ১০ লক্ষ টাকা বরাদ্দ ধরা হয়েছে। কিন্তু মন্ত্রণালয়ের বাজেট শাখা ও হিসাব শাখায় খোজখবর নিয়ে জানা যায় উক্ত কোডে চলতি ২০১৯-২০২০ অর্থবছরে কোন অর্থ বরাদ্দ নেই। সভাপতি মহোদয় বাজেট শাখার সিনিয়র সহকারী সচিব (অডিট ও শৃঙ্খলা) এবং হিসাবরক্ষণ কর্মকর্তা এর সংগে এ বিষয়ে আলোচনা করেন। তারা সেমিনার/প্রশিক্ষণ খাতে অর্থ বরাদ্দ আছে মর্মে অত্র সভাকে অবহিত করেন। ইনোভেশন খাতে কোড খোলা হয়নি। তবে উক্ত বরাদ্দ থেকে সেমিনার/প্রশিক্ষণ করা যাবে।	৩.১ সেমিনার / প্রশিক্ষণ খাতের বরাদ্দ থেকে ইনোভেশন কর্মপরিকল্পনার সেমিনার / প্রশিক্ষণ বাস্তবায়ন করতে হবে।

৩. সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
 (শেখ রফিকুল ইসলাম)  
 অতিরিক্ত সচিব (উন্নয়ন ও পরিকল্পনা)

ও  
 চিফ ইনোভেশন অফিসার (প্রতিকল্প)  
 মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়